হে আল্লাহর রাসূল আমাদের কারো ওপর যখন গোসল ফরয হয় সে ঘুমাতে পারে? তিনি বললেন, হ্যাঁ, যখন তোমাদের কেউ ওযূ করবে তখন সে ঘুমাবে।

আব্দুল্লাহ ইবন উমার রাদিয়াল্লাহ ‘আনহুমা থেকে বর্ণিত, উমার ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, “হে আল্লাহর রাসূল আমাদের কারো ওপর যখন গোসল ফরয হয় সে ঘুমাতে পারে? তিনি বললেন, হ্যাঁ, যখন তোমাদের কেউ ওযূ করবে তখন সে ঘুমাবে”।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

উমার ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু ‘আনহু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করেন যে, যখন রাতের প্রথমাংশে কেউ অপবিত্র হয়, যেমন স্ত্রীর সাথে সহবাস করল যদিও বীর্যপাত হয়নি অথবা স্বপ্নদোষ হলো সে কি নাপাক অবস্থায় ঘুমাতে পারবে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শর‘ঈ ওযূ করে এ নাপাকীকে হালকা করার শর্তে তাকে ঘুমানের অনুমতি দিলেন। তখন নাপাক হওয়া সত্বেও ঘুমানোতে কোন অসুবিধা নেই।

http://sunnah.global/hadeeth/bn/show/3021